দৈনিক খবর 40

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

### বাকশিস'র প্রতিনিধি সম্মেলনে শিক্ষামন্ত্রী

# সুফল দোরগোড়ে পৌঁছতে শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করতে হবে

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশে একটি গণমুখী ও বৈষম্যহীন শিক্ষা ব্যবস্থা চালুর লক্ষ্যে বাস্তবমুখী কর্মসূচী গ্রহণ করছে। তিনি বলেন, শিক্ষার সুফলকে গ্রামের মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে হলে শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করতে হবে।

শিক্ষামন্ত্রী গত শুক্রবার তেজগাঁও কলেজে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের জাতীয় প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যক্ষ মুকাররম হোসেনের সভাপতিত্বে এ সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ, ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ডঃ এনামুল হক খান, শিক্ষক সমিতি ঐক্যফ্রন্টের মহাসচিব নজরুল ইসলাম, বাকশিস সভাপতি অধ্যাপক শরীফুল ইসলাম ও অধ্যক্ষ তোফায়েল আহমদ চৌধুরী বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকতা একটি মহান পেশা এবং শিক্ষকরা সমাজের শ্রদ্ধার পাত্র। তিনি বলেন, ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত দেশে গণতান্ত্রিক ব্যবস্থা থাকলে শিক্ষকদের মর্যাদা অনেক উর্ধ্বে থাকত এবং শিক্ষার মানও অনেক উন্নত হতো। তিনি বলেন, জনগণের ভোটে নির্বাচিত বর্তমান সরকার শিক্ষকদের সমস্যা পর্যায়ক্রমে আলোচনার মাধ্যমে সমাধানে আগ্রহী।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, ইউরোপ ও আমেরিকার বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সবগুলোই বেসরকারী। তিনি বলেন, বর্তমান সরকার উচ্চ শিক্ষার প্রসারের লক্ষ্যে সরকারী ও বেসরকারী উভয় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের লক্ষ্যে কর্মসূচী গ্রহণ করেছে। তথ্যবিবরণী।

বিশেষ অতিথির বক্তৃতায় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার বেসরকারী শিক্ষকদের সমস্যা সম্পর্কে সম্পূর্ণ সচেতন। তিনি বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সর্বপ্রথম বেসরকারী শিক্ষকদের জন্যে মূল বেতনের শতকরা ৫০ ভাগ বেতন-অনুদান প্রদানের ব্যবস্থা করেছিলেন। তিনি বলেন, শিক্ষক সমাজকে শিক্ষার উন্নয়নে আরো দায়িত্বশীল হতে হবে।